



## Press Release

### Country Lecture Series (CLS)

#### Strengthening Ties: A Forward Look Between Bangladesh and Italy

10 November 2025

বাংলাদেশ ইনসিটিউট অব ইন্টারন্যাশনাল এন্ড স্ট্যাটেজিক স্টাডিজ (বিআইআইএসএস) “**Strengthening Ties: A Forward Look Between Bangladesh and Italy**” শীর্ষক একটি কান্ট্রি লেকচার সিরিজ (CLS) ১০ নভেম্বর ২০২৫, সোমবার, বিআইআইএসএস অডিটোরিয়ামে আয়োজন করে। অনুষ্ঠানে বক্তা হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশে নিযুক্ত ইতালির রাষ্ট্রদূত এইচ ই আন্তোনিও আলেসান্দ্রো। অনুষ্ঠানের স্বাগত বক্তব্য প্রদান করেন বিআইআইএসএস এর মহাপরিচালক মেজর জেনারেল ইফতেখার আনিস, বিএসপি, এডুলিউসি, এফডিলিউসি, পিএসসি, পিইঞ্জ। অনুষ্ঠানে প্রবন্ধ উপস্থাপনা করেন; ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের অধ্যাপক ড সৈয়দা রোজানা রশিদ এবং জনাব মো. মোশাররফ হোসেন, মহাপরিচালক, পূর্ব ইউরোপ ও সিআইএস এবং পশ্চিম ইউরোপ ও ইইউ, পররাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন অধ্যয়ন বিভাগের অধ্যাপক ড কাজী মারুফুল ইসলাম অনুষ্ঠানটি সঞ্চালনা করেন।

বক্তরা বাংলাদেশ-ইতালি দ্বিপাক্ষিক সম্পর্কের বিবর্তন, সম্প্রসারণ এবং বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন। জাতিসংঘের সদস্যপদ অর্জনে নতুন স্বাধীনতাপ্রাপ্ত বাংলাদেশের জন্য ইতালির সমর্থন অত্যন্ত গুরুত্বপূর্ণ ছিল। বাংলাদেশ থেকে আগত অভিবাসী কর্মীদের জন্য দেশটি একটি নির্ভরযোগ্য উন্নয়ন অংশীদার এবং সবচেয়ে কাঙ্কিত গন্তব্যস্থলগুলির মধ্যে একটি। বিশ্বের প্রাচীনতম এবং সর্বাধিক মর্যাদাপূর্ণ বিশ্ববিদ্যালয়গুলির আবাসস্থল হওয়ায় অনেক বাংলাদেশী শিক্ষার্থী এবং বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মকর্তাবৃন্দ ইতালিতে উচ্চশিক্ষার জন্য যান। বক্তরা বাংলাদেশ-ইতালি সহযোগিতা সুরক্ষা, আইন প্রয়োগ এবং বৈজ্ঞানিক ক্ষেত্রেও বিস্তৃত বিষয়ে আলোকপাত করেন এবং সম্পর্ককে আরও এগিয়ে নেওয়ার জন্য দিকনির্দেশনা প্রদান করেন।

বাংলাদেশের বিভিন্ন মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তা, বিদেশী কূটনৈতিক মিশন, মিডিয়া, ব্যবসায়ী, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক এবং শিক্ষার্থী, গবেষক, বিভিন্ন খিঞ্চ ট্যাঙ্ক, আন্তর্জাতিক সংস্থার প্রতিনিধিরা উৎসাহের সাথে বক্তৃতায় অংশগ্রহণ করেন এবং উন্মুক্ত আলোচনা অধিবেশনে তাদের মূল্যবান মতামত, মন্তব্য, অন্তর্দৃষ্টি, পরামর্শ এবং পর্যবেক্ষণ উপস্থাপন করে এটিকে সমৃদ্ধ করেন।



## Press Release

### Country Lecture Series (CLS)

#### **Strengthening Ties: A Forward Look Between Bangladesh and Italy**

10 November 2025

Bangladesh Institute of International and Strategic Studies (BIISS) organised a Country Lecture Series (CLS) titled **Strengthening Ties: A Forward Look Between Bangladesh and Italy** at BIISS auditorium. **H E Antonio Alessandro**, Ambassador of Italy to Bangladesh, graced the programme as Guest Speaker. **Major General Iftekhar Anis**, BSP, awc, afwc, psc, PENG, Director General, BIISS, delivered the welcome address. There were two presenters: **Dr Syeda Rozana Rashid**, Professor, Department of International Relations, University of Dhaka; and **Mr Md Mosharaf Hossain**, Director General, East Europe and CIS, West Europe and EU, Ministry of Foreign Affairs, Bangladesh. **Dr Kazi Maruful Islam**, Professor, Department of Development Studies, University of Dhaka moderated and summed the session up.

Speakers discussed evolution, expansion and various aspects of Bangladesh-Italy bilateral relations. Italy's support was crucial for the newly independent Bangladesh in securing UN membership. The country remains a reliable development partner of and among most sought-after destinations migrant workers from Bangladesh. Many Bangladeshi students and professionals go to Italy for higher education as the country is home to some of the oldest and most prestigious universities in the world. Bangladesh-Italy cooperation also extends into security, law enforcement, and scientific fields. Speakers shed light on these and provided guidelines on how to advance the relationship further.

Senior officials from different ministries of Bangladesh, foreign diplomatic missions, media, businesspeople, teachers and students from various universities, researchers, representatives from various think tanks, international organisations, enthusiastically participated in the lecture and enriched it by presenting their valuable opinions, comments, insights, suggestions, and observations during the open discussion session.